

সোনার পিঞ্জর ভাঙিয়ে আমার প্রাণের পাখিটি উড়িয়ে যাক ।
সে যে হেথা গান গাহে না ! সে যে মোরে আর চাহে না !
সুদূর কানন হইতে সে যে শুনেছে কাহার ডাক—
পাখিটি উড়িয়ে যাক ॥

মুদিত নয়ন খুলিয়ে আমার সাধের স্বপন যায় রে যায় ।
হাসিতে অশ্রুতে গাঁথিয়া গাঁথিয়া দিয়েছি তব বাহুতে বাঁধিয়া
আপনার মনে কাঁদিয়া কাঁদিয়া ছিঁড়িয়া ফেলেছে হায় রে হায়,
সাধের স্বপন যায় রে যায় ॥

যে যায় সে যায়, ফিরিয়ে না চায়, যে থাকে সে শুধু করে হায়-হায়—
নয়নের জল নয়নে শুকায়— মরমে লুকায় আশা ।
বাঁধিতে পারে না আদরে সোহাগে— রজনী পোহায়, ঘুম হতে জাগে,
হাসিয়া কাঁদিয়া বিদায় সে মাগে— আকাশে তাহার বাসা ।
যায় যদি তবে যাক । একবার তবু ডাক ।
কী জানি যদি রে প্রাণ কাঁদে তার তবে থাক্, তবে থাক্ ॥

Parjaay: Prem O Prakriti, Taal: Ektaal, Raag: Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail